দৈনিক সংবাদ

তারিখ JUL. 21 1999
পৃঃ ৭ কলাম ২

2

# নিরীহ শিক্ষককে সন্ত্রাসীদের ভয়ে এখন পালিয়ে বেড়াতে হচ্ছে

নিকলী (কিশোরগঞ্জ) থেকে থানা প্রতিনিধি ঃ মেশিন চুরির ঘটনার মামলা করায় সন্ত্রাসীদের ভয়ে নিরীহ স্কুল শিক্ষক এখন প্রাণভয়ে পালিয়ে বেড়াচ্ছে। ঘটনার বিবরণে প্রকাশ, রোদারপুড্ডা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ এ, কে বারির একটি শ্যালো মেশিন কড়াইগাতি হাওরের জমিতে সেচরত অবস্থায় গত ২৯শে জানুয়ারি চুরি হয়ে যায়। কিন্তু দুর্ভাগ্যজনক হলেও সত্য, চুরি হয়ে যাওয়া সেই মেশিনটিই প্রধান শিক্ষককে ২৭শে ফেব্রুয়ারি কিনতে হয় সবুজ, জলিল, নুরুল ইসরাম, ইসহাক, জমশেদ ও বাক্কার নামের ৬ব্যক্তির কাছ থেকে ৩ হাজার টাকার বিনিময়ে। পরে প্রধান শিক্ষক বাদি হয়ে উল্লিখিত ব্যক্তিদের বিরুদ্ধে কটিয়াদী থানায় একটি মামলা দায়ের করেন। আসামিরা কোর্টে আত্মসমর্পণ করলে বিজ্ঞ ম্যাজিস্ট্রেট তাদের জামিন নামঞ্জুর করেন। পরবর্তীকালে আটককৃত ৬ জনের মধ্যে ৩ জন জামিন পেয়ে প্রধান শিক্ষকের বিরুদ্ধে আদালতে দুটি মামলা দায়ের করেন। মামলাগুলোর সাক্ষ্য-প্রমাণের অনুকূলে তেমন কোন ভিত্তি না থাকায় বিজ্ঞ আদালত মামলা দু'টি খারিজ করে দেন। ফলে সন্ত্রাসী চক্রটি ক্ষিপ্ত হয়ে বর্তমানে প্রধান শিক্ষকের প্রাণনাশের হুমকি দিচ্ছে। এ ব্যাপারে নিরীহ স্কুল শিক্ষক সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন।